15 JAN 2017

সিকৃবিতে শিক্ষামন্ত্রী

# ভবিষ্যতে আমরা বহির্বিশ্বে জ্ঞান রপ্তানি করব

**সিলেট অফিস ▷**

বাংলাদেশ এখন আর বিদেশ থেকে প্রযুক্তির জ্ঞান আমদানি করবে না বরং তৈরি করবে, এমন আশার কথা শুনিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, 'এখানকার প্রতিটি বিশ্ববিদ্যালয়ে নতুন নতুন প্রযুক্তি ও গবেষণার মাধ্যমে জ্ঞান তৈরি হচ্ছে। প্রয়োজনে ভবিষ্যতে আমরা বহির্বিশ্বে জ্ঞান রপ্তানি করব।'

গতকাল শনিবার সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের (সিকৃবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ওরিয়েন্টেশন বাস্তবায়ন কমিটির আহ্বায়ক ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. মতিয়ার রহমান হাওলাদার।

শিক্ষামন্ত্রী আরো বলেন, দেশের কোথাও শিক্ষার নামে বাণিজ্য করা যাবে না।

কৃষি খাতের উন্নয়নে বর্তমান আওয়ামী লীগ সরকার অধিক গুরুত্ব দিয়েছে উল্লেখ করে মন্ত্রী বলেন, আধুনিক প্রযুক্তির ব্যবহার ও প্রয়োগের ফলে দেশ এখন শুধু খাদ্যে স্বয়ংসম্পূর্ণ নয়, খাদ্য রপ্তানিও করা হচ্ছে।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মো. গোলাম শাহি আলম, রেজিস্ট্রার মো. বদরুল ইসলাম শোয়েব, সিলেটের জেলা প্রশাসক জয়নাল আবেদিন, ডিন কাউন্সিলের আহ্বায়ক ড. এ এফ এম সাইফুল ইসলাম, প্রভোস্ট কাউন্সিলের আহ্বায়ক ড. নূর হোসেন মিঞা ও নগর পুলিশের উপকমিশনার বাসুদেব বণিক।

এর আগে শিক্ষামন্ত্রী প্রায় ২০ কোটি টাকা ব্যয়ে বিশ্ববিদ্যালয়ে নবনির্মিত একটি অনুষদ ভবন, প্রফেসরস-অফিসার্স কোয়ার্টার, শিক্ষক-কর্মকর্তা ডরমিটরি ও স্টাফ ডরমিটরি ভবনের উদ্বোধন করেন।